# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৩২

৩৪/ ওয়ালা এবং হেবা (كتاب الولاء والهبة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ লক্ষন দেখে কিছু বলা।

## باب ما جاء في القافة

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم دَخَلَ عَلَيْهَا مَسْرُورًا تَبْرُقُ أَسَارِيرُ وَجْهِهِ فَقَالَ " أَلَمْ تَرَىْ أَنَّ مُجَزِّزًا نَظَرَ آنِفًا إِلَى زَيْدِ بْنِ حَارِثَةَ وَأُسَامَةَ بْنِ زَيْدٍ فَقَالَ هَذِهِ الأَقْدَامُ بَعْضُهَا مِنْ بَعْضٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .
وَقَدْ رَوَى ابْنُ عُيَيْنَةَ، هَذَا الْحَدِيثَ عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، وَزَادَ، فِيهِ " أَلَمْ تَرَىْ أَنَّ مُجَزِّزًا مَرَّ عَلَى زَيْدِ بْنِ حَارِثَةَ وَأُسَامَةَ بْنِ زَيْدٍ قَدْ غَطَّيَا رُءُوسَهُمَا وَبَدَتْ أَقْدَامُهُمَا فَقَالَ إِنَّ هَذِهِ الأَقْدَامَ بَعْضُهَا مِنْ بَعْضٍ " . وَهَكَذَا حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ وَغَيْرُ وَاحِدٍ عَنْ سُفْيَانَ بْنِ عُيَيْنَةَ هَذَا الْحَدِيثَ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدِ احْتَجَّ بَعْضُ أَهْلِ الْعِلْمِ بِهَذَا الْحَدِيثِ فِي إِقَامَةِ أَمْرِ الْقَافَةِ .

বাংলা

২১৩২. কুতায়বা (রহঃ) ... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন তাঁর কাছে অত্যন্ত খুশী হয়ে এলেন। আনন্দে তার চেহারার রেখাগুলো জ্বল জ্বল করছিল। বললেনঃ মুজায্যিয এই মাত্র যায়দ ইবন হারিছা এবং উসামা ইবন যায়দ-এর দিকে তাকিয়ে বলছে, এ পা গুলো একটি থেকে আরেকটি উদগত হয়েছে। সহীহ, ইবনু মাজাহ ২৩৪৯, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২৯ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ।

সুফইয়ান ইবন উয়ায়না এই হাদীসটিকে যুহরী-উরওয়া-আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে বর্ণনা করেছেন। এতে

আরো আছে যে, তুমি লক্ষ্য করনি, মুজায্যিয যায়দ ইবন হারিছা এবং উসামা ইবন যায়দ-এর পাশ দিয়ে যাচ্ছিল। তাদের উভয়ের মাথা ঢাকা ছিল আর পা গুলি খোলা ছিল। সে বললঃ এ পা গুলি অবশ্যই একটি আরেকটি থেকে এসেছে।

সাঈদ ইবন আবদুর রহমান এবং আরো একাধিক রাবী সুফইয়ান ইবন ’উয়ায়না-যুহরী (রহঃ)-এর বরাতে অনুরূপ বর্ণনা করেছেন। লক্ষণ দেখে কোন বিষয় প্রমাণের স্বপেক্ষে কতক আলিম এ হাদীসটিকে দলীল হিসাবে পেশ করেন।

## English

Aishah narrated that the Prophet (ﷺ) visited her in a very happy mood, his face beaming with joy and said:
"Don't you see that the Mujazziz looked just now at Zaid bin Harithah and Usamah bin Zaid, and said: 'These feet belong to each other.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

Sufyan bin 'Uyainah reported this Hadith from Az-Zuhri, from 'Urwah, from 'Aishah and he added in it:
"Dont you see that the Mujazziz passed by Zaid bin Harithah and Usamah bin Zaid while their heads were covered, and their feet were exposed, and he said: 'These feet belong to each other.'" This is how Sa'eed bin Abdur-Rahman - and more than one narrator - narrated this Hadith from Sufyan bin 'Uyanah, from Az-Zuhri, from 'Urwah, from A'ishah. And this Hadith is Hasan Sahih. Some of the people of knowledge used this Hadith to support the case of Qa'if.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37487

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন